# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 01.06.2024** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) লোকসভা নির্বাচনের সপ্তম ও চূড়ান্ত দফায় কঠোর নিরাপত্তায় এরাজ্যের ৯ টি আসনে ভোট গ্রহণ শুরু হয়েছে। সুষ্ঠু নির্বাচন সুনিশ্চিত করতে ব্যাপক নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে।
সকাল থেকেই বিভিন্ন বুথের সামনে চোখে পড়ছে লম্বা লাইন।
২) ভোটের আগে গত সন্ধ্যায় হাওড়া ব্রীজ থেকে ১০ লক্ষ টাকা উদ্ধার।

৩) ভোট পর্ব মিটে যাওয়ার পরেও ৪-শো কোম্পানী কেন্দ্রীয় বাহিনী ৬-ই জুন পর্যন্ত রাজ্যে মোতায়েন থাকবে।

৪) ভোটের দিনেও আজ কলকাতা ও দুই ২৪ পরগনায় বৃষ্টির পূর্বাভাষ।

৫) ঘূর্ণিঝড় রিমালের প্রভাবে রাজ্যের ৬ জেলার ১২২-টি ব্লকে ১ লক্ষ ৭ হাজার হেক্টর জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে।

oooooooooooooooooooo

কঠোর নিরাপত্তার মধ্যে লোকসভা নির্বাচনের সপ্তম ও চূড়ান্ত দফায় পশ্চিমবঙ্গের ৯ টি সহ ৫৭ টি আসনে ভোটগ্রহণ শুরু হয়েছে।

একই সঙ্গে বরানগর বিধানসভা আসনের উপ-নির্বাচনেও ভোট নেওয়া হচ্ছে। চলবে সন্ধে ৬-টা পর্যন্ত।

দমদম, বারাসাত, বসিরহাট, জয়নগর, মথুরাপুর, ডায়মন্ড হারবার, যাদবপুর, কলকাতা উত্তর ও কলকাতা দক্ষিণ এই ৯ টি কেন্দ্রে এক কোটি ৬৩ লক্ষ্ ৪০ হাজারেরও বেশি ভোটদাতা ২৩ জন মহিলা সহ ১২৪ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন।

সবচেয়ে বেশি কলকতা দক্ষিণে প্রার্থী রয়েছেন, ১৭ জন। সবচেয়ে কম জয়নগরে ১১ জন। এছাড়া যাদবপুরে ১৬, কলকাতা উত্তর ও বসিরহাটে ১৫ জন করে, দমদমে ১৪ এবং বারাসাত, মথুরাপুর ও ডায়মন্ড হরবারে ১২ জন করে।

বরানগর বিধানসভা আসনের উপনির্বাচনে প্রার্থীর সংখ্যা ৮।

এই দফায় বুথের সংখ্যা ১৭ হাজার ৪৭০। এর মধ্যে ২ হাজার ৭৯১ টি মহিলা পরিচালিত বুথ। সঙ্কটপ্রবণ বুথের সংখ্যা ৩ হাজার ৭৪৮। সবচেয়ে বেশি সংকটপ্রবণ বুথ রয়েছে বসিরহাটে ১ হাজার ৯৬ টি। সবচেয়ে কম কলকাতা উত্তরে ৬৬ টি। একশো শতাংশ বুথেই রয়েছে ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা। অবাধ ও সুষ্ঠু ভোট গ্রহণ সুনিশ্চিত করতে ব্যাপক নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে।এই দফায় নিরাপত্তার দায়িত্বে রয়েছে ৯৬৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। পাশাপাশি রাজ্য পুলিশের সংখ্যা ৩৩ হাজারের সামান্য বেশি।

চূড়ান্ত পর্যায়ের ভোটে থাকছেন ১০ জন সাধারণ পর্যবেক্ষক, ১১ জন ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষক ও ৫ জন পুলিশ পর্যবেক্ষক।।

সপ্তম দফার ভোটপর্ব নিয়ে একটি প্রতিবেদন,

(ভয়েসকাস্ট – অভিরূপ)

দক্ষিন ২৪ পরগনার জয়নগর লোকসভার কুলতলির ৪০ ও ৪১ নম্বর বুথে সকাল থেকেই উত্তেজনা। ভোটে বাধা দেওয়ার অভিযোগ। এরপর ক্ষুব্ধ গ্রামবাসীরা ইভিএম ও ভিভি প্যাট নিয়ে পুকুরে ফেলে দেয়। পুলিশ ও কেন্দ্র বাহিনী গেলে গ্রামবাসীরা গাছের গুঁড়ি ফেলে পথ অবরোধ করে। এখনো ভোট গ্রহণ শুরু করা যায়নি।জেলার চারটি আসনে ভোট নিয়ে আমাদের সংবাদাদাতা জানাচ্ছেন,

(ভয়েসকাস্ট –গৌতম)

সপ্তম দফা ভোটের আগে রাজ্যের বিভিন্ন জায়গা থেকে বিক্ষিপ্ত অশান্তির খবর মিলেছে।

যাদবপুরের বাঘাযতীন স্টেশন সংলগ্ন এলাকা, তালপুকুর ও ফুলবাগানেও দুষ্কৃতিরা সি পি আই এম কর্মী সমর্থকদের বাড়িতে হামলা চালায় বলে অভিযোগ।

ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রেও সন্ত্রাসের আবহ তৈরি করা হয় বলে অভিযোগ মিলেছে। তৃণমূল কংগ্রেস এই হামলার ঘটনায় জড়িত বলে অভিযোগ করা হলেও, শাসক দল তা অস্বীকার করেছে।

উত্তর ২৪ পরগণা দমদম লোকসভা কেন্দ্রের অন্তর্গত উত্তর দমদমের বিশরপাড়া নবজীবন এলাকায় গতরাতে একদল দুষ্কৃতি বাইকে করে এসে সি পি আই এম কর্মী সমর্থকদের ভোট দিতে না যাওয়ার হুমকি দেয়। প্রতিবাদ করলে সিপিআইএম কর্মী সমর্থক ও তাদের পরিবারের সদস্যদের হেনস্থা করা হয় বলে অভিযোগ। কয়েকটি বাড়িতে ভাঙচুরও করা হয়। সি পি আই এম-এর পক্ষ থেকে এব্যাপারে পুলিশে অভিযোগ জানানো হয়েছে।

জেলার তিনটি আসনে কেমন ভোট চলেছে, তা জানাচ্ছেন আমাদের সংবাদদাতা –

(ভয়েসকাস্ট - পল্লব)

০০০০০০০০০০০০০০০০০০০

সপ্তম দফার নির্বাচন নিয়ে আজ শুনবেন বিশেষ আলোচনা, "জনমত ২০২৪, শেষ দফার ভোট"। অংশ নেবেন দুই রাজনৈতিক বিশ্লেষক, অধ্যাপক কিংশুক চট্টোপাধ্যায় এবং সাংবাদিক নির্মাল্য মুখোপাধ্যায়। সঞ্চালনায় সংযুক্তা সিংহ। শোনা যাবে রাত আটটা পাঁচ থেকে গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টজ প্রচার তরঙ্গে, ডিটিএইচ পরিষেবায় এবং আমাদের সোশ্যাল মিডিয়া পেজে।

oooooooooooooooooo

আগের দফাগুলির মত শেষ দফার ভোটও শান্তিপূর্ণ হবে বলে বিজেপি আশাপ্রকাশ করেছে। সপ্তম দফার ভোটে যেকোনো ধরনের অভিযোগ জানাতে দলের পক্ষ থেকে একটি হেল্পলাইন চালু করা হয়েছে।

এদিকে, শেষ দফার ভোটে তৃণমূল কংগ্রেস সন্ত্রাসের চেষ্টা করবে বলে কংগ্রেস আশঙ্কা প্রকাশ করেছে। তবে নির্বাচন কমিশনের তৎপরতার ফলে তা কাটিয়ে ওঠা যাবে বলেও দল আশাবাদী।

শাসকদল অবশ্য বিজেপি ও কংগ্রেস দুদলের অভিযোগ খারিজ করে দিয়েছে।

oooooooooooooooooo

সপ্তম দফার ভোটের আগে গত সন্ধ্যায় হাওড়া ব্রীজে বাইক থেকে ১০ লক্ষ টাকারও বেশি উদ্ধার হয়েছে। গোলাবাড়ি থানার পুলিশ নাকা চেকিং-এর সময় এই টাকা উদ্ধার করে। এই ঘটনায় ৭ জনকে আটক করা হয়েছে। তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

অন্যদিকে পোস্তার গণেশ টকিজ্ এলাকা থেকেও উদ্ধার হয়েছে সাড়ে ৩ লক্ষ টাকা।

এদিকে, আজ ভোররাতে বসিরহাটের একটি ফ্ল্যাট থেকে উদ্ধার হয়েছে ১৯ লক্ষ টাকার জাল নোট। পুলিশ, এব্যাপারে ৬ জনকে আটক করেছে। তাদের জেরা করা হচ্ছে।

ooooooooooooooooooo

ভোটপর্ব মিটে যাওয়ার পরেও চারশো কোম্পানী কেন্দ্রীয় বাহিনী ৬-ই জুন পর্যন্ত রাজ্যে মোতায়েন থাকবে। এর মধ্যে বিএসএফ ১১৮ কোম্পানী, সি আর পি এফ ১১৫, সি আই এস এফ ৭১, এসএসবি- ৬০ ও আইটিবিপি ৩৬ কোম্পানী। ভোট পরবর্তী অশান্তির ঘটনা এড়াতেই এই সিদ্ধান্ত বলে জানা গেছে।

উল্লেখ্য, লোকসভা ভোটে পশ্চিমবঙ্গে এবার সবচেয়ে বেশি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়। ৭ দফা নির্বাচনে প্রায় সাড়ে ৯-শো কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের খণ্ডঘোষে ভোটের দিন কয়েকজন বিজেপি কর্মীকে মারধর ও জলে ফেলে দেওয়ার ঘটনায় জড়িত থাকার অভিযোগে তৃণমূল কংগ্রেসের একজনকে গ্রেফতার করেছে পুলিশ। হাকিম শেখ নামে ধৃত ব্যক্তি

খণ্ডঘোষের গুইর গ্রামের পশ্চিমপাড়ার বাসিন্দা। তাকে গতকাল বর্ধমানে মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটের আদালতে তোলা হলে জামিন মঞ্জুর করা হয়।

উল্লেখ্য গত ২৫-শে মে বর্ধমানে ভোটগ্রহণ শেষ হওয়ার পর পরমেশ্বর মাঝি, সুভাষ রুইদাস, পিন্টু রুইদাস সহ কয়েকজন বিজেপি কর্মী খন্ডঘোষের বুথ থেকে বাড়ি ফিরছিলেন। সেই সময় গুইর গ্রামে তৃণমূল কংগ্রেসের পার্টি অফিসের সামনে কয়েকজন লাঠি-রড নিয়ে তাদের ঘিরে ধরে। মারধর ও প্রাণনাশের হুমকি দেওয়া হয় বলে অভিযোগ।

পরে বিজেপি-র পক্ষ থেকে এব্যাপারে থানায় অভিযোগ দায়ের করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০

সপ্তম দফা ভোটের দিনেও আজ কলকাতা ও দুই ২৪ পরগণায় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বৃহস্পতিবার রাত থেকেই দফায় দফায় বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টি হচ্ছে।দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আগামী শুক্রবার পর্যন্ত হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে। তবে এই বৃষ্টি বর্ষার নয় বলেই আলিপুর আবহওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

বাইট

অন্যদিকে, নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে বর্ষার অনুকুল পরিস্থিতি তৈরি হওয়ায় উত্তরবঙ্গে বৃষ্টি হচ্ছে। আগামী সপ্তাহে সেখানে বর্ষা প্রবেশ করার সম্ভাবনা। বুধবার ৫ ই জুন পর্যন্ত দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, আলিপুরদুয়ার ও কোচবিহারের পাশাপাশি দুই দিনাজপুর ও মালদাতেও বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

এদিকে বৃষ্টিতে অসহ্য ভ্যাপসা গরমের হাত থেকে বেশ কিছুটা রেহাই মিলেছে। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ২৬ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ১ দশমিক ৬ ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৭ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৮ দশমিক ৩ ডিগ্রি নীচে। গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ১৫ দশমিক ১ মিলিমিটার।

oooooooooooooo

ঘূর্ণিঝড় রিমালের প্রভাবে দুর্যোগ ও ভারী বৃষ্টিতে রাজ্যে ঘরবাড়ি রাস্তার মতো পরিকাঠামোগত ক্ষয়ক্ষতির পাশাপাশি বিপুল পরিমাণ শস্যহানি হয়েছে। রাজ্যের ৬ জেলার ১২২টি ব্লকের ১ লক্ষ ৭ হাজার হেক্টর এর বেশি জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে এই দুর্যোগের প্রভাবে। রাজ্যের কৃষি দফতরের প্রাথমিক সমীক্ষায় এই তথ্য উঠে এসেছে। হুগলি জেলার ১৮টি ব্লকের ৫৭৯৬৩ হেক্টর জমিতে তিল, চিনেবাদাম, সবজি ও পান চাষের ব্যাপক ক্ষয়ক্ষতির খবর পাওয়া গেছে। উত্তর ২৪ পরগনার বাইশটি ব্লকের দক্ষিণ ২৪ পরগনার ২৫ টি, হাওড়ায় ১৪ টি,পূর্ব মেদিনীপুরের ২৫ টি এবং নদীয়া জেলার ১৮টি ব্লকের শস্য হানি হয়েছে। তবে, ধান চাষের কোনো ক্ষতি হয়নি।

কৃষি মন্ত্রী শোভনদের চট্টোপাধ্যায় অবশ্য জানিয়েছেন, জেলাগুলির কাছ থেকে ব্লক পিছু শস্য হানির বিস্তারিত রিপোর্ট তলব করা হয়েছে।

oooooooooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরে খড়্গপুর লোকাল থানা এলাকায় একটি মেটালিক কারখানায় কর্মরত অবস্থায় দুই শ্রমিকের মৃত্যুর ঘটনায় বিজেপি, গতকাল ৪৯ বি জাতীয় সড়ক দীর্ঘক্ষণ অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করে।

উল্লেখ্য, দিন তিনেক আগে খড়্গপুরের ঐ বেসরকারি কোম্পানীর কারখানায় কর্মরত অবস্থায় দুর্ঘটনায় মৃত্যু হয় দুই শ্রমিকের। কিন্তু দুজনের দেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়নি। অবিলম্বে মৃতদেহগুলিকে পরিবারের হাতে তুলে দেওয়ার জন্য দাবি জানায় বিক্ষোভকারীরা।

oooooooooooooooooooooo

মালদার এক পরিযায়ী শ্রমিকের বিহারের কাজ করতে গিয়ে তড়িদাহত হয়ে মৃত্যুর ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। উত্তম রবি দাস নামে ঐ শ্রমিকের মৃতদেহ গতকাল মালদার রতুয়ায় তাঁর বাড়িতে নিয়ে আসা হয়। পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে, পুখুরিয়া অঞ্চলের বাসিন্দা উত্তম মাসখানেক আগে স্থানীয় ঠিকাদারের অধীনে কাজ করতে যান। বুধবার ইলেক্ট্রিক পোলে কাজ করার সময় তিনি বিদ্যুৎস্পৃষ্ট হন। হাসপাতালে নিয়ে গেলে তাঁকে মৃত ঘোষণা করা হয়।

ooooooooooooooooooooooooo

oooooooooooooooooo